

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়।  
সড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা।

নং- ৩৫.০০.০০০০.০১৫.২০.০১৯.১২(অংশ- ১)- ৪১৪

তারিখঃ ০২.০৯.২০১৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

বর্তমান ২০১৩- ২০১৪ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুময়ন রাজস্ব বাজেটে সড়ক, সেতু ও মহাসড়ক কোডে (কোড নং- ৪৯৩৬) ১২২৮.২৬৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে বর্তমান অর্থবছরে (২০১৩- ২০১৪) কার্যাদেশ প্রদান ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। এ অর্থ হতে কোনভাবেই নির্মান ব্যক্তিক্রম ছাড়া পূর্ববর্তী কোন অর্থবছরে কাজের বিল পরিশোধ করা যাবে না।

পিএমপি (সড়ক) এবং পিএমপি (সেতু) উপর্যুক্ত অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বর্তমান অর্থবছরে (২০১৩- ২০১৪) চলমান আছে সে সকল কাজের বিল ২০১৩- ২০১৪ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

২। প্রতিটি সড়ক বিভাগ তাদের অন্তর্কূলে প্রাণ্ড বরাদ্দ অনুযায়ী প্রস্তুতকৃত অগ্রাধিকার তালিকা অনুসারে মেরামতে কর্মসূচী গ্রহণ করবে এবং তা বাস্তবায়ন করবে। কোন অবস্থাতেই বরাদ্দের অতিরিক্ত কর্মসূচী গ্রহণ করা যাবে না। তবে অতি জরুরী প্রয়োজনে বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয়ের প্রয়োজন হলে তা অবশ্যই প্রধান প্রকৌশলীর অনুমোদন নিয়ে করতে হবে এবং তা যথাসময়ে সড়ক বিভাগকে অবহিত রাখতে হবে।

৩। বর্তমান অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন বিল পরিশোধ করা হলে উহার দায়- দায়িত্ব ব্যক্তিগতভাবে বিল প্রদানকারী কর্মকর্তার উপর বর্তাবে।

৪। চলমান অর্থবছরে (২০১৩- ২০১৪) উপরোক্ত নির্দেশনা অনুসরণের বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা তৎক্ষনিকভাবে সড়ক বিভাগকে অবহিত করতে হবে এবং সড়ক বিভাগের সম্মতি নিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
( মোঃ দেলোয়ার হোসেন )

উপ- সচিব

ফোন : ৯৫১৪০৭৫।

#### বিবরণঃ

##### (ক) কার্যার্থেঃ

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১ম- ৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা (অফিস আদেশটি যথাযথভাবে অনুসরণ হয় কিনা তা নিরীক্ষাকালে যাচাই করার অনুরোধ করা হল)।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বীজ ম্যানেজমেন্ট টাইও) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ) সড়ক ও জনপথ অধিদপ্তর (-----)।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

##### (খ) জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিষ্ট, সড়ক বিভাগ (অফিস আদেশটি সড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।
- ৫। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।